

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবর্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ১৩, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

পুলিশ শাখা-২

প্রজ্ঞাপন

তারিখ : ২২ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/০৫ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং-৭৪-আইন/২০২২ —Armed Police Battalions Ordinance, 1979 (Ordinance No. XXV of 1979) এর section 14 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আর্মড পুলিশ ব্যাটালিয়ন বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ১০ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১) মহাপুলিশ পরিদর্শক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বাহিনীর কোনো সদস্যকে পুলিশের অন্য কোনো ইউনিটে বদলি করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, বাহিনীর কোনো সদস্যের বিভাগীয় পদোন্নতির কারণে পুলিশের অন্য কোনো ইউনিটে পদায়নের ক্ষেত্রে ব্যতীত, নিম্নবর্ণিত টেবিলের কলাম (২) এ উল্লিখিত পদে অধিষ্ঠিত কোনো সদস্যের ক্ষেত্রে উক্ত পদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ না হইলে বদলি করা যাইবে না, যথা :—

(৭৪১৭)
মূল্য : টাকা ৮.০০

টেবিল

অর্থিক নং	পদের নাম	চাকরির মেয়াদ
(১)	(২)	(৩)
১।	প্লাটুন অধিনায়ক	২০ বৎসর
২।	সেকশন অধিনায়ক	১৮ বৎসর
৩।	নায়েক	১০ বৎসর
৪।	আর্মড পুলিশম্যান	৬ বৎসর

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আখতার হোসেন
সিনিয়র সচিব।